ভোরের কাগজ

তারিখ 25 JAN 2003
পৃষ্ঠা 2 কলাম 6

# নারী শিক্ষা প্রকল্পে নউক এ পর্যন্ত ৫ লক্ষাধিক টাকা প্রদান করেছে

**কাগজ প্রতিবেদক** : নারী উন্নয়নের জন্য বেসরকারি নারী উন্নয়ন সংস্থা নারী উদ্যোগ কেন্দ্র (নউক) বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় নউক নারী শিক্ষা সম্প্রসারণ সহযোগী প্রকল্প গ্রহণ করেছে। এ প্রকল্পের আওতায় নউক সারা দেশব্যাপী গরিব ও মেধাবী ছাত্রীদের আর্থিক সহায়তা প্রদান করবে। নউক এ পর্যন্ত ১৩ উপজেলায় ১৬৪টি বিদ্যালয়ে মোট ৫ লাখ ২৪ হাজার টাকা প্রদান করেছে। নউক এ কার্যক্রম গত নভেম্বর মাস থেকে শুরু করেছে। সর্বপ্রথম কিশোরগঞ্জ উপজেলার অষ্টগ্রাম উপজেলায় মোট ৩৮ জন নারীর মেধাবী ছাত্রীকে ৩০ হাজার ৪০০ টাকা প্রদান করে এ কার্যক্রমের সূচনা করেন।

নারী উদ্যোগ কেন্দ্রের নির্বাহী পরিচালক মাশহুদা খাতুন শেফালি জানিয়েছেন, নারী উন্নয়নের ক্ষেত্রে নারী শিক্ষার কোনো বিকল্প নেই। কিন্তু গ্রামের অসহায় দরিদ্র মেয়েদের মেধা থাকলেও টাকার অভাবে শিক্ষা থেকে বঞ্চিত। এ চিন্তাধারা থেকেই নউক এসএসসি ও এইচএসসি পর্যায়ের শিক্ষার্থীদের সহায়তার জন্য এ প্রকল্প গ্রহণ করেছে।

নউকের এই কার্যক্রমের লক্ষ্য নারীর উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি করা, দরিদ্র মেধাবী ছাত্রীদের উৎসাহিত করা, দরিদ্র মেধাবী ছাত্রীদের চিহ্নিত করা, অভিভাবকদের উৎসাহিত করা এবং নারী শিক্ষার প্রতি পারিবারিক এং সামাজিক সচেতনতা বৃদ্ধি করা।